

## ষষ্ঠ অধ্যায়
# প্রতিবন্ধী শিশু

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. কোন তারিখে বিশ্ব প্রতিবন্ধী দিবস পালন করা হয়?**
(ক) ২ ডিসেম্বর ● ৩ ডিসেম্বর (গ) ৪ ডিসেম্বর (ঘ) ৫ ডিসেম্বর

**২. সুন্দর পারিবারিক পরিবেশ শিশুকে সহায়তা করতে পারে–**
i. উপযুক্ত বিকাশে ii. অৰমতা হ্রাস করতে
iii. আত্মনির্ভরশীল হতে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
চয়ন দ্বিতীয় শ্রেণিতে পড়ে। শিৰকের মুখে বলা কথা শুনে সে ঠিকমতো খাতায় লিখতে পারে। কিন্তু বোর্ডের লেখাগুলো ঠিকমতো খাতায় তুলতে পারে না। ফলে শ্রেণির কাজ সময়মতো করতে পারে না। এজন্য শিৰক তার ওপর অসন্তুষ্ট হতো। এতে ধীরে ধীরে সে নিজেকে গুটিয়ে নেয়। শ্রেণিশিৰক বিষয়টি লৰ করে চৈতির বাবা–মাকে জানালে তাঁরা চিকিৎসকের শরণাপন্ন হন।

**৩. চয়ন হলো–**
(ক) শ্রবণ প্রতিবন্ধী (খ) বাক প্রতিবন্ধী (গ) বুদ্ধি প্রতিবন্ধী ● দৃষ্টি প্রতিবন্ধী

**৪. কোন পদক্ষেপ গ্রহণ করলে চয়নকে এ অবস্থার শিকার হতে হতো না–**
i. পরিবারের সহযোগিতা ii. শিৰকের সহযোগিতা
iii. সময়মতো চিকিৎসা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii ● i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ ■ পৃষ্ঠা–৫১

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫. বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসাব অনুযায়ী পৃথিবীর মোট জনসংখ্যার প্রায় কত ভাগ প্রতিবন্ধী?** (জ্ঞান)
শতকরা ৬ ভাগ | শতকরা ৮ ভাগ ● শতকরা ১০ ভাগ | শতকরা ১২ভাগ

**৬. আমাদের দেশে প্রায় কত কোটি মানুষ প্রতিবন্ধী?** (জ্ঞান)
● ১.৫ (খ) ২.৫ (গ) ২.৬ (ঘ) ৩.৫

**৭. প্রতিবন্ধী শিশুদের কী বলা হয়?** (জ্ঞান)
● বিশেষ চাহিদাসম্পন্ন শিশু (খ) বিশেষ শারীরিক শক্তির শিশু
(গ) নির্দিষ্ট ৰমতার অধিকারী শিশু (ঘ) বিশেষ রোগে আক্রান্ত শিশু

**৮. শারীরিক প্রতিবন্ধীদের চলাচলের সুবিধার জন্য প্রয়োজনীয় জায়গায় কিসের ব্যবস্থা করতে হয়?** (জ্ঞান)
(ক) ক্রাচ (খ) চেয়ার (গ) রেলিং ● র‍্যাম

**৯. যারা অন্ধকার ছাড়া কোন কিছুই দেখে না তাদের কোন ধরনের দৃষ্টিসম্পন্ন শিশু বলা হয়?** (জ্ঞান)
স্বাভাবিক মাত্রার | আংশিক মাত্রার ● অন্ধ মাত্রার (ঘ) শ্রবণমাত্রার

**১০. উজ্জ্বল আলো আসার গতিপথ বলতে পারে কোন দৃষ্টি প্রতিবন্ধী শিশু–** (জ্ঞান)
● অন্ধ মাত্রার (খ) আংশিক দৃষ্টিসম্পন্ন
(গ) স্বাভাবিক দৃষ্টিসম্পন্ন (ঘ) পুরোপুরি দৃষ্টিহীন

**১১. ব্রেইল পদ্ধতিতে কাদের শিক্ষা প্রদান করা হয়?** (জ্ঞান)
(ক) শ্রবণ প্রতিবন্ধীদের ● দৃষ্টি প্রতিবন্ধীদের
(গ) শারীরিক প্রতিবন্ধীদের (ঘ) বুদ্ধি প্রতিবন্ধীদের

**১২. শ্রবণ প্রতিবন্ধীরা কথা বলতে শেখে না কেন?** (অনুধাবন)
(ক) কথা বলা শেখানো হয় না বলে
(খ) সমবয়সীদের সাথে না মেশার কারণে
● শব্দ বা কথা শুনতে পারে না বলে
(ঘ) তাদের সাথে কথা বলা হয় না বলে

**১৩. কারা কথা বলার পরিবর্তে অঙ্গভঙ্গি দিয়ে বা ইশারায় নিজের চাহিদা প্রকাশ করে?** (জ্ঞান)
(ক) দৃষ্টিপ্রতিবন্ধী ● শ্রবণপ্রতিবন্ধী
(গ) শারীরিকপ্রতিবন্ধী (ঘ) বুদ্ধিপ্রতিবন্ধী

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৪. প্রতিবন্ধী শিশুকে বিশেষ চাহিদাসম্পন্ন শিশু বলার কারণ–** (অনুধাবন)
i. পূর্ণ বিকাশে বিশেষ যত্নের প্রয়োজন হয়
ii. পূর্ণ বিকাশে বিশেষ খেলাধুলার প্রয়োজন হয়
iii. পূর্ণ বিকাশে বিশেষ প্রশিৰণের প্রয়োজন হয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৫. শারীরিক প্রতিবন্ধী বলা হয়—** (অনুধাবন)
i. যাদের হাত বা পা অসম্পূর্ণ
ii. দেহের কোনো অংশ ব্যবহারে অৰমতা
iii. যারা শব্দ বা কথা শুনতে পারে না
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৬. শ্রবণ প্রতিবন্ধীদের ক্ষেত্রে যেসব শব্দ ব্যবহার করা হয়–** (অনুধাবন)
i. বধির ii. কালা iii. কানে খাটো
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**১৭. শারীরিক ও মানসিক প্রতিবন্ধী হয়–** (অনুধাবন)
i. জন্মগত কারণে ii. যে কোনো দুর্ঘটনার কারণে
iii. অপুষ্টি বা গুরৰতর অসুস্থতার কারণে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

#### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
আরাফাতকে অনেকেই বধির বা কালা বলে। এজন্য তার মা খুব কষ্ট পায়। আরাফাত নিজেও তার সমস্যা বুঝতে পারে। এজন্য সে স্বাভাবিক আচরণ করে না। চিকিৎসক তার এ সমস্যাকে গুরৰতর সমস্যা বলেছেন।

**১৮. আরাফাতের সমস্যা কোন ধরনের প্রতিবন্ধিতাকে নির্দেশ করে?** (প্রয়োগ)
● শ্রবণ (খ) দৃষ্টি (গ) শারীরিক (ঘ) বুদ্ধি

**১৯. উক্ত প্রতিবন্ধিতায় তার মধ্যে যেসব বৈশিষ্ট্য দেখা দেয়–** (উচ্চতর দৰতা)
i. ইশারায় নিজের চাহিদা প্রকাশ করে ii. সবসময় হতাশাগ্রস্ত থাকে

iii. অন্ধকার ছাড়া কিছুই দেখে না
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

## পাঠ ২ : বুদ্ধি প্রতিবন্ধী ■ পৃষ্ঠা–৫৩

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২০. **মৃদু বুদ্ধি প্রতিবন্ধীদের বুদ্ধি কত বছরের শিশুর মতো হয়?** (জ্ঞান)
ⓚ ৬–৮ ● ৮–১১ ⓖ ১১–১২ ⓓ ১২–১৫

২১. **গুরুতর বুদ্ধি প্রতিবন্ধীরা কত বয়সী শিশুদের মতো আচরণ করে?** (জ্ঞান)
● ৫ বছরের কম ⓑ ৬ বছরের বেশি ⓖ ৫ বছরের বেশি ⓓ ১০ বছরের কম

২২. **কোন শ্রেণির বুদ্ধি প্রতিবন্ধীকে কায়িক শ্রমভিত্তিক কাজ শেখানো যায়?** (জ্ঞান)
ⓚ মৃদু ● মধ্যম ⓖ গুরুতর ⓓ বহুবিধ

২৩. **বুদ্ধি প্রতিবন্ধকতা কী?** (জ্ঞান)
ⓚ মানসিক রোগ ⓑ শ্রবণে অক্ষমতা
● মানসিক অক্ষমতা ⓓ শারীরিক অক্ষমতা

২৪. **মধ্যম বুদ্ধি প্রতিবন্ধীদের প্রশিক্ষণ দিতে হয় কেন?** (অনুধাবন)
ⓚ বুদ্ধির মাত্রা স্বাভাবিক হওয়ার জন্য ⓑ দৈনন্দিন কাজের অভ্যাস করার জন্য
ⓖ আচরণগত সমস্যা পরিবর্তনের জন্য ● পরনির্ভরশীলতা হ্রাসের জন্য

২৫. **মিশুর বয়স ১৮ হলেও সে শিশুসুলভ ভাষা প্রয়োগ করে এবং ত্রুটিপূর্ণ উচ্চারণ করে। মিশু কোন ধরনের বুদ্ধি প্রতিবন্ধী?** (প্রয়োগ)
ⓚ মৃদু ● মধ্যম ⓖ গুরুতর ⓓ বহুবিধ

২৬. **বুদ্ধি প্রতিবন্ধীদের বিশেষ শিক্ষার ব্যবস্থা করার ফলে কী হবে?** (উচ্চতর দক্ষতা)
ⓚ ছোটবেলা থেকেই পড়ালেখা মনে রাখতে পারবে
● ছোট অবস্থা থেকেই আচরণের উন্নয়ন ঘটবে
ⓖ ব্যক্তিবিশেষের প্রতি নির্ভরশীলতা বাড়বে
ⓓ একসময় পরিপূর্ণভাবে সুস্থ হয়ে উঠবে

২৭. **কোন মাত্রার প্রতিবন্ধিতা সহজেই সনাক্ত করা যায়?** (জ্ঞান)
ⓚ মৃদু ⓑ মধ্যম ● গুরুতর ⓓ আংশিক

২৮. **জামিল প্রতিবন্ধী শিশু। তার পরিবার তাকে চার পাশের বিভিন্ন জিনিস সম্পর্কে জানা ও দেখার সুযোগ করে দেয়। এই বিষয়টিকে কী বলা হয়?** (প্রয়োগ)
ⓚ উৎসাহ ● উদ্দীপনা ⓖ সমবেদনা ⓓ সহযোগিতা

২৯. **শ্রাবণী মধ্যম মাত্রার প্রতিবন্ধী। তার আচরণ কত বছর বয়সী শিশুর মতো?** (প্রয়োগ)
ⓚ ৫–৭ ● ৬–৮ ⓖ ৮–১০ ⓓ ১১–১৫

৩০. **একটি শিশুকে অতি শৈশব থেকে উদ্দীপনার সুযোগ সৃষ্টি করে দেওয়াকে কী বলে?** (জ্ঞান)
ⓚ অতি শৈশব উদ্দীপনা ● প্রারম্ভিক উদ্দীপনা
ⓖ কৈশোর উদ্দীপনা ⓓ উৎসাহ উদ্দীপনা

৩১. **কোন ধরনের প্রতিবন্ধিতা শনাক্ত করা কঠিন?** (জ্ঞান)
● মৃদু ও মাঝারি মাত্রার ⓑ মৃদু ও গুরুতর মাত্রার
ⓖ গুরুতর ও বহুবিধ মাত্রার ⓓ বহুবিধ ও মৃদু মাত্রার

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩২. **মধ্যম প্রতিবন্ধী শিশুকে যেসব কায়িকশ্রম ভিত্তিক কাজ শেখানো যায়–** (অনুধাবন)
i. প্যাকেট করা ii. বেকারির কাজ করা iii. পড়ালেখা শেখানো
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

৩৩. **শাপলা কথা বলার সময় শিশুসুলভ ভাষা প্রয়োগ করে এবং চলাফেরা করতে হুইল চেয়ার ব্যবহার করে। শাপলা যে ধরনের প্রতিবন্ধিতায় ভুগছে–** (প্রয়োগ)
i. শারীরিক ii. শ্রবণ iii. বুদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

৩৪. **প্রতিবন্ধীদের প্রয়োজন—** (অনুধাবন)
i. ভালোবাসা ii. বিশেষ যত্ন iii. প্রারম্ভিক উদ্দীপনা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৩৫. **প্রতিবন্ধী শিশুকে ছোট অবস্থায় উদ্দীপনা ও বিশেষ শিক্ষা দেওয়ার ফলে—** (উচ্চতর দক্ষতা)
i. তার সক্ষমতা বাড়ে ii. সে সম্পূর্ণ সুস্থ হবে
iii. তার আচরণের উন্নয়ন ঘটে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

৩৬. **উদ্দীপনা হলো—** (অনুধাবন)
i. শিশুকে সময় দেওয়া ii. শিশুকে ভালোবাসা
iii. শিশুকে উপযুক্ত খাবার দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও :**
মিতুল প্রাপ্ত বয়স্ক হওয়ার পরও ৮–১১ বছরের শিশুদের মতো লেখাপড়া বা কাজ করার বুদ্ধি রাখে। পরিবারের সদস্যরা তাকে বিশেষ শিক্ষা দানের ব্যবস্থা করেছে।

৩৭. **মিতুলের আচরণে কোন ধরনের প্রতিবন্ধিতা ধরা পড়ে?** (প্রয়োগ)
ⓚ বহুবিধ ● মৃদু ⓖ মধ্যম ⓓ গুরুতর

৩৮. **মিতুলকে বিশেষ শিক্ষা প্রদানের ফলে—** (উচ্চতর দক্ষতা)
i. সে আত্মনির্ভর হয়ে ওঠে ii. তার সক্ষমতা বাড়ে
iii. তার শরীর সুস্থ থাকবে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

## পাঠ ৩ : প্রতিবন্ধী শিশুর প্রতি পরিবারের দায়িত্ব ■ পৃষ্ঠা–৫৫

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৯. **সন্তানের দেখাশোনার জন্য কার ওপর প্রচণ্ড কাজের চাপ বাড়ে** (জ্ঞান)
ⓚ বাবা ● মা ⓖ ভাই ⓓ বোন

৪০. **একটি শিশুর প্রতিবন্ধিতা কীভাবে কমানো সম্ভব?** (অনুধাবন)
● প্রারম্ভিক উদ্দীপনা ও বিশেষ যত্নের মাধ্যমে
ⓑ প্রতিবন্ধী শিশুদের অবহেলা করে
ⓖ তাদের রাগ দেখিয়ে ও শাসন করে
ⓓ ভালো খাবার ও খেলনা দিয়ে

৪১. **মারিয়ার দেখতে সমস্যা হয় বলে চলাফেরা ও কাজকর্ম ধীরে হয়। মারিয়ার দৃষ্টি প্রতিবন্ধিতার জন্য কোনটি দায়ী?** (প্রয়োগ)
ⓚ ভিটামিন বি ⓑ ভিটামিন সি ● ভিটামিন এ ⓓ ভিটামিন কে

৪২. **পরিবারের সদস্যরা অন্য স্বাভাবিক শিশুর মতোই প্রতিবন্ধী শিশুটিকে ভালোবাসলে তার ওপর কী ধরনের প্রভাব পড়বে?** (উচ্চতর দক্ষতা)
● প্রতিবেশী ও আত্মীয়স্বজনরা তাকে ভালোবাসবে
ⓑ প্রতিবেশী ও আত্মীয়স্বজনরা তাকে অবহেলা করবে
ⓖ প্রতিবেশী ও আত্মীয়স্বজনরা শিশুকে ঘৃণা করবে
ⓓ প্রতিবেশী ও আত্মীয়স্বজনরা তাকে কষ্ট দিয়ে কথা বলবে

৪৩. **প্রতিবন্ধীদের বিকাশের জন্য ক্ষতিকর কোনটি?** (জ্ঞান)
ⓚ বেড়াতে নিয়ে যাওয়া ⓑ সবার সাথে কথা বলতে দেওয়া
● অতিথি এলে একা ঘরে রাখা ⓓ বিশেষ যত্ন করা

৪৪. **প্রতিবন্ধী শিশুকে বেড়াতে নিয়ে গেলে অনেক সময় আত্মীয় স্বজনেরা বিরক্ত হন কেন?** (অনুধাবন)
● অস্বাভাবিক আচরণের জন্য ⓑ কুৎসিত চেহারার জন্য
ⓖ ত্রুটিপূর্ণ উচ্চারণের জন্য ⓓ কম বুদ্ধির জন্য

৪৫. **শিশুর উপযুক্ত বিকাশের জন্য কী দরকার?** (জ্ঞান)
ⓚ বিলাসবহুল গৃহ ⓑ দামি খেলনা
● উন্নত পারিবারিক পরিবেশ ⓓ দামি পোশাক পরিচ্ছদ

৪৬. **যে কোনো অনুষ্ঠানে সকলের সাথে বেড়াতে নিতে হবে কাদের?** (জ্ঞান)
ⓚ কাজের লোকদের ⓑ বৃদ্ধদের
ⓖ কিশোরদের ● প্রতিবন্ধী শিশুদের

৪৭. **স্বাভাবিক শিশুদের তুলনায় প্রতিবন্ধী শিশুরা কাসের শিকার হয় বেশি?** (জ্ঞান)

ক দারিদ্র্যের ● অপুষ্টির গ অসুস্থতার ঘ নির্যাতনের

**৪৮. প্রতিবন্ধী শিশুর সুষম খাবারের ব্যবস্থা করতে হবে কী অনুযায়ী?** (অনুধাবন)
ক ওজন খ উচ্চতা ● বয়স ঘ সামর্থ্য

**৪৯. প্রতিবন্ধিতা সম্পর্কে নিচের কোনটি সঠিক?** (জ্ঞান)
ক প্রতিবন্ধিতা মানসিক রোগ
খ চিকিৎসার মাধ্যমে প্রতিবন্ধিতা সারানো সম্ভব
গ প্রতিবন্ধিতা এক ধরনের অভিশাপ
● চিকিৎসার মাধ্যমে প্রতিবন্ধিতা সারানো সম্ভব নয়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫০. প্রতিবন্ধী শিশুকে শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্য হলো–** (অনুধাবন)
i. জীবনযাপনের প্রয়োজনীয় কাজকর্ম শিখতে সাহায্য করা
ii. বাবা–মায়ের বিশ্রাম নেওয়ার সুযোগ তৈরি করা
iii. ৰমতা অনুযায়ী শিৰা কার্যক্রম দেওয়ার ব্যবস্থা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫১. বাবা–মায়ের পাশাপাশি পরিবারের অন্যান্য সদস্যদের প্রতিবন্ধী শিশুর যত্ন নেওয়ার ফলে—** (উচ্চতর দৰতা)
i. বাবা–মায়ের বিশ্রামের সুযোগ হবে ii. বাবা–মায়ের বিনোদনের সুযোগ হবে
iii. বাবা–মা তারা শিশুর প্রতি আরও যত্নবান হবেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫২. প্রতিবন্ধী শিশুদের অস্বাভাবিক আচরণ হলো—** (অনুধাবন)
i. অতিরিক্ত চঞ্চলতা ii. জিনিসপত্র ভেঙে ফেলা
iii. একই কাজ বার বার করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৫৩. হালিমা একজন দৃষ্টি প্রতিবন্ধী। তার জন্য প্রয়োজন—** (প্রয়োগ)
i. হুইল চেয়ার ii. চশমা iii. ছড়ি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৪ ও ৫৫ নং প্রশ্নের উত্তর দাও :**
বাবুল শারীরিক প্রতিবন্ধী। তার উপযুক্ত বিকাশের জন্য উন্নত পারিবারিক পরিবেশ ও বিশেষ যত্নের প্রয়োজন। তাই তার পরিবারের সদস্যরা তাকে ভালোবাসেন।

**৫৪. বাবুলের জন্য কোন সহায়ক যন্ত্রটি ব্যবহার করা প্রয়োজন?** (প্রয়োগ)
● হুইল চেয়ার খ চশমা গ হিয়ারিং এইড ঘ ছড়ি

**৫৫. বাবুলের মতো প্রতিবন্ধীদের প্রতি পরিবারের করণীয় হলো—** (উচ্চতর দৰতা)
i. বেড়াতে নিয়ে যাওয়া ii. নতুন কিছুর সাথে পরিচয় করিয়ে দেওয়া
iii. সবার সাথে কথা বলতে বলা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

# পাঠ ৪ : প্রতিবন্ধী শিশুর প্রতি সমাজের দায়িত্ব ■ পৃষ্ঠা-৫৭

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৬. সমাজে কাকে অবহেলা করা হয়?** (জ্ঞান)
ক স্বাভাবিক শিশু ● প্রতিবন্ধী শিশু গ বয়স্ক লোক ঘ বয়স্ক মহিলা

**৫৭. দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য কোন পদ্ধতি ব্যবহার করা হয়?** (জ্ঞান)
ক ইশারায় ভাষা শিৰা ● ব্রেইল
গ নিজের কাজ নিজে করা ঘ বিশেষ শিৰা

**৫৮. প্রতিবন্ধী শিশুদের নিয়ে অনেকেই হাসি ঠাট্টা করে কেন?** (অনুধাবন)
● কম বুঝতে পারে বলে খ কম কথা বলার জন্য
গ বেশি কথা বলার জন্য ঘ অনাকাঙ্ক্ষিত কাজ করে বলে

**৫৯. প্রতিবন্ধী শিশুদের প্রতি কেমন মনোভাব থাকা উচিত?** (অনুধাবন)
● ইতিবাচক খ নেতিবাচক গ প্রতিযোগিতাপূর্ণ ঘ অবহেলাপূর্ণ

**৬০. রাইদা কম বুঝতে পারে বলে অনেকেই তাকে বোকা, পাগল বলে হাসি–ঠাট্টা করে। রাইদার সাথে সাদৃশ্য রয়েছে কোন শিশুর?** (প্রয়োগ)
● প্রতিবন্ধী শিশুর খ বুদ্ধিমান শিশুর গ রোগাক্রান্ত শিশুর ঘ মেধাবী শিশুর

**৬১. মালিহার বোন দৃষ্টি প্রতিবন্ধী। সে কীভাবে সবকিছু বুঝতে পারবে?** (প্রয়োগ)
ক শব্দ ও দেখার মাধ্যমে খ অনুভূতি ও দৃষ্টির মাধ্যমে
গ দেখা ও স্পর্শের মাধ্যমে ● শব্দ ও স্পর্শের মাধ্যমে

**৬২. শ্রবণ প্রতিবন্ধী শিশুর জন্য কোন খেলার আয়োজন করা যায়?** (জ্ঞান)
● দাবা খ কানামাছি গ গোলরাছুট ঘ কাবাডি

**৬৩. প্রতিবন্ধীদের বিশেষ শিক্ষা দেওয়া হয় কী অনুযায়ী?** (জ্ঞান)
ক বয়স খ বুদ্ধিমত্তা গ শারীরিক দৰতা ● প্রতিবন্ধিতার ধরন

**৬৪. প্রতিবন্ধী শিশুদের প্রতি আত্মীয়স্বজনের অবহেলাপূর্ণ আচরণের উদাহরণ কোনটি?** (অনুধাবন)
ক তাদের সাথে হাসিমুখে কথা বলা
খ তাদের ভালো রান্না করে না খাওয়ানো
● বেড়ানোর প্রোগ্রাম থেকে তাদের বাদ দেওয়া
ঘ তাদের খেলনা কিনে না দেওয়া

**৬৫. পিয়া শ্রবণ প্রতিবন্ধী। পিয়ার মা তাকে কী ধরনের বিশেষ শিক্ষার ব্যবস্থা করবেন?** (প্রয়োগ)
ক ব্রেইল পদ্ধতি খ নিজের কাজ নিজে করতে পারা
গ গাণিতিক যুক্তি ● ইশারায় ভাষা শিৰা

**৬৬. নিজের কাজ নিজে করতে পারার প্রশিক্ষণ কাদের দেওয়া হয়?** (জ্ঞান)
ক বাক প্রতিবন্ধী শিশুদের খ শ্রবণ প্রতিবন্ধী শিশুদের
গ দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের ● বুদ্ধি প্রতিবন্ধী শিশুদের

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৭. প্রতিবন্ধীদের প্রতি সমবয়সীদের অবহেলিত আচরণ হলো–** (অনুধাবন)
i. প্রকাশ্যে তাদের উত্ত্যক্ত করা
ii. খেলায় না নেওয়া
iii. তাদের সাথে না মেশা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৬৮. প্রতিবন্ধীদের শিক্ষকদের হওয়া উচিত—** (অনুধাবন)
i. ধৈর্যশীল ii. গম্ভীর iii. আন্তরিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬৯. প্রতিবন্ধী শিশুদের উদ্দীপনা প্রদান করা যায়—** (উচ্চতর দৰতা)
i. সামাজিক অনুষ্ঠানে সঙ্গী দিয়ে ii. খেলাধুলায় অংশ নেওয়া থেকে বিরত রেখে
iii. দরিদ্র হলে তাকে আর্থিক সহায়তা দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭০. প্রতিবন্ধীরা তাদের অসুস্থতার কথা ঠিকভাবে বলতে না পারার ফলে—** (উচ্চতর দৰতা)
i. তাদের চিকিৎসায় প্রচুর সময়ের দরকার হয়
ii. কিছু কিছু ৰেত্রে চিকিৎসায় অবহেলা হয়
iii. বাবা মা তাদের চিকিৎসা করাতে চান না
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭১ ও ৭২ নং প্রশ্নের উত্তর দাও :**
মারিয়া একজন প্রতিবন্ধী। তার মা–বাবা তাকে বিশেষ শিৰা দেওয়ার জন্য ব্রেইল পদ্ধতি ব্যবহার করেন। পরিবারের সবাই তাকে সাহায্য করে।

**৭১. মারিয়া কোন ধরনের প্রতিবন্ধী?** (প্রয়োগ)
ক শ্রবণ প্রতিবন্ধী খ বাকপ্রতিবন্ধী গ বুদ্ধি প্রতিবন্ধী ● দৃষ্টিপ্রতিবন্ধী

**৭২. মারিয়া সক্ষম ও স্বাভাবিক হয়ে উঠবে—** (উচ্চতর দৰতা)
i. বিশেষ যত্নে ii. মনোযোগে iii. আর্থিক সহায়তায়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

প্রান্তি ও প্রত্যয় দুই ভাইবোন। প্রত্যয়ের বয়স দুই বছর কিন্তু প্রান্তি এখন কিশোরী। প্রান্তি প্রায়ই প্রত্যয়ের মতো আচরণ করে এবং অকারণে হাসতে থাকে। তার পরিবারের সদস্যরা তাকে গান শুনিয়ে, ছবি আঁকতে দিয়ে এবং গল্প শুনিয়ে ব্যস্ত রাখে। সবাই তার কথা মন দিয়ে শোনে, তার মা ধৈর্যের সাথে তার যত্ন নেন।

ক. সমাজ কাদের নিয়ে গড়ে উঠেছে?
খ. প্রারম্ভিক উদ্দীপনার প্রয়োজন হয় কেন?
গ. প্রান্তির আচরণে কোন ধরনের প্রতিবন্ধকতা লৰ করা যায়? ব্যাখ্যা করো।
ঘ. প্রান্তির পরিবারের সবার আচরণ তাঁর সুস্থতার সহায়ক– বিশেৱষণ করো।

## ▸◂ ১নং প্রশ্নের উত্তর ▸◂

ক. সমাজ আমাদের ও আমাদের চারপাশের সকলকে নিয়ে গড়ে উঠেছে।

খ. প্রতিটি শিশুর দেহ ও মন সুন্দরভাবে বেড়ে ওঠার জন্য প্রারম্ভিক উদ্দীপনা দরকার। স্বাভাবিক শিশুরা সহজেই মেলামেশার মাধ্যমে তার চারপাশের পরিবেশ থেকে এই উদ্দীপনা পায়। কিন্তু প্রতিবন্ধী শিশুদের পৰে তার চারপাশের জগৎকে জানা ও বোঝা বেশ কঠিন হয়ে পড়ে। অর্থাৎ শারীরিক ও মানসিক বিকাশের জন্য প্রারম্ভিক উদ্দীপনা যত তাড়াতাড়ি দেওয়া যায় তত তাড়াতাড়ি তার আচরণের উন্নয়ন ঘটে।

গ. প্রান্তির আচরণে গুরবতর বুদ্ধি প্রতিবন্ধকতা লৰ করা যায়। বুদ্ধি প্রতিবন্ধকতা কোনো মানসিক রোগ নয়। এটি এক ধরনের মানসিক অৰমতা। এ ধরনের শিশুদের বুদ্ধি বয়স অনুযায়ী স্বাভাবিক মাত্রার চেয়ে কম থাকে এবং তারা সমবয়সীদের মতো আচরণ করতে পারে না। বুদ্ধি প্রতিবন্ধিতার মাত্রা অনুযায়ী যেসব শিশু ৫ বছরের কম বয়সী শিশুদের মতো আচরণ করে তাদের গুরবতর বুদ্ধি প্রতিবন্ধী বলে। এরা বিভিন্ন কাজের জন্য অন্যের ওপর নির্ভরশীল থাকে। এদের আচরণে অনেক ধরনের সমস্যা থাকে। উদ্দীপকের প্রান্তি বয়সের দিক দিয়ে কিশোরী হলেও প্রায়ই ২ বছর বয়সী ছোট ভাই প্রত্যয়ের মতো আচরণ করে। এছাড়াও অকারণে হাসতে থাকে। তাই বলা যায়, প্রান্তি একজন গুরবতর বুদ্ধি প্রতিবন্ধী।

ঘ. প্রান্তির পরিবারের সবার আচরণ তার সুস্থতার জন্য সহায়ক বলে আমি মনে করি। কেননা আমাদের চারপাশে এমন অনেক শিশুই আছে যাদের বুদ্ধি স্বাভাবিকের তুলনায় কম। এ ধরনের বুদ্ধি প্রতিবন্ধী শিশুদের জন্য সার্বৰণিক যত্নের প্রয়োজনীয়তা অপরিসীম। তাদের অন্য স্বাভাবিক শিশুর মতোই ভালবাসা প্রয়োজন। সঠিক সময়ে বিশেষ যত্ন ও প্রশিৰণে গুরবতর বুদ্ধি প্রতিবন্ধীদের দৈনন্দিন কাজের অভ্যাস তৈরি করা যায়। তাদেরকে পর্যাপ্ত সময় দিলে, ভালোবাসলে ও বিশেষ যত্ন নিলে তারা ৰমতা অনুযায়ী আচরণ করতে পারে, আচরণের উন্নয়ন ঘটে এবং সৰমতা বাড়ে। উদ্দীপকে প্রান্তি গুরবতর প্রতিবন্ধী হলেও তার পরিবারের সদস্যরা তাকে গান শুনিয়ে, ছবি আঁকতে দিয়ে এবং গল্প শুনিয়ে ব্যস্ত রাখে। সবাই তার কথা মন দিয়ে শোনে, তার মা ধৈর্যের সাথে তার যত্ন নেন। এ ধরনের আচরণ প্রান্তির মধ্যে দৈনন্দিন কাজের অভ্যাস তৈরিতে সহায়তা করবে। তার আচরণের উন্নয়ন সহায়তা করবে।

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

দোলা শুধু একটি উজ্জ্বল আলো আসার গতিপথ বলতে পারে। কিন্তু তার অংক, সংখ্যার ধারণা, শব্দভাণ্ডার এসব স্বাভাবিক শিশুর মতো। সে স্পর্শ দিয়ে বস্তু চেনে, বস্তুর নাম শেখে। তার মা তাকে আত্মীয়স্বজনের বাড়িতে কিংবা প্রতিবেশীর বাড়িতে বেড়াতে নিয়ে গেলে তারা অনেক সময় বিরক্ত হন। কিন্তু তার মা মনে করেন দোলার জন্য উন্নত পারিবারিক পরিবেশ ও বিশেষ যত্নের প্রয়োজন।

ক. আমাদের দেশে প্রায় কত কোটি মানুষ প্রতিবন্ধী? ১
খ. মধ্যম বুদ্ধিপ্রতিবন্ধিতা বলতে কী বোঝায়? ২
গ. দোলার মধ্যে কোন ধরনের প্রতিবন্ধিতার পরিচয় ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দোলার জন্য উন্নত পারিবারিক পরিবেশ ও বিশেষ যত্ন নিশ্চিত করতে করণীয় কী?

## ▸◂ ২নং প্রশ্নের উত্তর ▸◂

ক. আমাদের দেশে প্রায় ১.৫ কোটি মানুষ প্রতিবন্ধী।

খ. মধ্যম বুদ্ধি প্রতিবন্ধীরা ১৮ বা তদূর্ধ্ব বয়সে ৬ থেকে ৮ বছরের শিশুর মতো আচরণ করে। এদের কথা বলায় ত্রবটিপূর্ণ উচ্চারণ ও শিশুসুলভ ভাষা ইত্যাদি থাকে। এদের প্রশিৰণ দিলে কিছু শিখতে পারে।

গ. দোলার মধ্যে অন্ধ মাত্রার প্রতিবন্ধিতার পরিচয় ফুটে উঠেছে। কেননা অন্ধ মাত্রার প্রতিবন্ধীরা অন্ধকার ছাড়া কোনো কিছুই দেখে না বা উজ্জ্বল আলো আসার গতিপথ বলতে পারে। এরা অংক, সংখ্যার ধারণা, শব্দভাণ্ডার এসব ৰেত্রে স্বাভাবিক শিশুর মতোই হয়। তারা স্পর্শ দিয়ে বস্তু চেনে, বস্তুর নাম শেখে। অনুরূপভাবে দোলা উজ্জ্বল আলো আসার গতিপথ বলতে পারে। সে অংক, সংখ্যার ধারণা, শব্দভাণ্ডার এসব ৰেত্রে স্বাভাবিক শিশুর মতো। সে স্পর্শ দিয়ে বস্তু চেনে এবং বস্তুর নাম শেখে। সুতরাং বলা যায়, দোলার মধ্যে অন্ধ মাত্রার প্রতিবন্ধিতার পরিচয় ফুটে উঠেছে।

ঘ. দোলার জন্য উন্নত পারিবারিক পরিবেশ ও বিশেষ যত্নের প্রয়োজন। এজন্য দোলাকে অন্য স্বাভাবিক শিশুর মতো পরিবারের মধ্যে মা–বাবা, ভাইবোনের ভালোবাসা দিতে হবে। যদি তারা তাকে ভালবাসে তাহলে প্রতিবেশী ও আত্মীয় তাকে ভালোবাসবে। শিশুর প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী তার জন্য বিশেষ শিৰা ও প্রশিৰণের ব্যবস্থা করতে হবে। সে অনুযায়ী দোলার জন্য ব্রেইল পদ্ধতিতে শিৰার ব্যবস্থা করতে হবে। শিশুর জন্য বিশেষ যত্ন, চিকিৎসা সেবা ও সহায়ক উপকরণের ব্যবস্থা করতে হবে। সে অনুযায়ী দোলার জন্য ছড়ি ও চশমার ব্যবস্থা করা যায়। প্রতিবন্ধী শিশুরা স্বাভাবিক শিশুর তুলনায় অপুষ্টির শিকার বেশি হয়। তাই দোলাকে বয়স অনুযায়ী সুষম খাবার দিতে হবে। যে কোনো অনুষ্ঠানে পরিবারের সবার সাথে তাকে বেড়াতে নিতে হবে। সেখানে সবার সাথে পরিচয় করিয়ে দেওয়া, তাদের বুঝিয়ে দেওয়া ইত্যাদি কাজের মধ্য দিয়ে দোলা সহজেই সবার সাথে খাপ খাওয়াতে শিখবে। বাড়িতে অতিথি এলে তাকে সামনে আনতে হবে। পরিবারের সবাই মিলে তার প্রতি যত্নশীল হলে তার উপযুক্ত বিকাশ হবে। এভাবেই দোলার জন্য উন্নত পারিবারিক পরিবেশ ও বিশেষ

যত্ন নিশ্চিত করা যায়।

**প্রশ্ন –৩ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

মতিন সাহেবের ছোট ছেলে মাহিন ১৮ বছর বয়সের হলেও সে ৬–৮ বছরের শিশুর মতো আচরণ করে। শুদ্ধভাবে কথা বলতে পারে না। অর্থাৎ ত্রবটিপূর্ণ উচ্চারণ করে, কথা বলার সময় শিশুসুলভ ভাষা ব্যবহার করে। তাই মতিন সাহেব খুব চিন্তিত হয়ে পড়েন। এ বিষয়ে তিনি ডাক্তারের পরামর্শ নেন। ডাক্তার বলেন, প্রশিৰণ লাভের মাধ্যমে এদের পরনির্ভরশীলতা কমে যায়।

ক. পৃথিবীর মোট জনসংখ্যার শতকরা কতভাগ প্রতিবন্ধী? ১
খ. শারীরিক প্রতিবন্ধী বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের মাহিন কোন ধরনের প্রতিবন্ধী? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রশিৰণের মাধ্যমে মাহিনকে আত্মনির্ভর করা সম্ভব– কথাটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ▶◀ ৩নং প্রশ্নের উত্তর ▶◀

ক. পৃথিবীর মোট জনসংখ্যার শতকরা প্রায় ১০ ভাগ প্রতিবন্ধী।

খ. যাদের হাত কিংবা পা অসম্পূর্ণ, অবশ, দুর্বল থাকে, দেহের গঠন স্বাভাবিক নয় বা দেহের কোনো অংশে ব্যবহার অৰমতা থাকে, যার ফলে স্বাভাবিক জীবনযাপনে অসুবিধা হয়, তারাই শারীরিক প্রতিবন্ধী। তাদেরকে বিভিন্ন সহায়ক উপকরণ দিয়ে চলাফেরা করতে হয়। যেমন : ক্রাচ, ওয়াকার, হুইল চেয়ার ইত্যাদি।

গ. উদ্দীপকের মাহিন একজন মধ্যম মাত্রার বুদ্ধি প্রতিবন্ধী। আমরা জানি, যাদের বুদ্ধি বয়স অনুযায়ী স্বাভাবিক মাত্রার চেয়ে কম থাকে, সমবয়সীদের মতো আচরণ করতে পারে না তারাই বুদ্ধি প্রতিবন্ধী। শিশু বড় হতে হতে এই সমস্যা ধরা পড়ে। মধ্যম মাত্রার বুদ্ধি প্রতিবন্ধী শিশুরা ১৮ বা তদূর্ধ্ব বয়সে ৬–৮ বছরের শিশুর মতো আচরণ করে। কথা বলার সময় ত্রবটিপূর্ণ উচ্চারণ ও শিশুসুলভ ভাষা প্রয়োগ করে। উদ্দীপকে দেখা যাচ্ছে মাহিনের বয়স ১৮ বছর হলেও সে ৬ থেকে ৮ বছরের শিশুর মতো আচরণ করে। কথা বলার সময় শিশুসুলভ ভাষায় কথা বলে এবং অশুদ্ধ বা ভুল উচ্চারণ করে। সুতরাং বলা যায়, মাহিন একজন মধ্যম মাত্রার বুদ্ধি প্রতিবন্ধী।

ঘ. প্রশিৰণের মাধ্যমে মাহিনকে আত্মনির্ভর করা সম্ভব– কথাটি যথার্থ। বুদ্ধি প্রতিবন্ধিতা এক ধরনের মানসিক অৰমতা। উপযুক্ত প্রশিৰণ ও সঠিক যত্নের মাধ্যমে বুদ্ধি প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী তাদের ৰমতার পূর্ণ বিকাশ সম্ভব। উদ্দীপকে মতিন সাহেবের ছেলে মাহিন কথা বলার সময় শিশুসুলভ ভাষায় কথা বলে ও ত্রবটিপূর্ণ উচ্চারণ করে। সে ৬–৮ বছরের শিশুর মতো আচরণ করে। এসব বৈশিষ্ট্যের ভিত্তিতে ডাক্তার তাকে মধ্যম মাত্রার বুদ্ধি প্রতিবন্ধী হিসেবে চিহ্নিত করেছেন। এদের প্রশিৰণ দিলে এরা কিছু শিখতে পারে। শিশু যত ছোট অবস্থায় এই প্রশিৰণ পায়, তত তাড়াতাড়ি তার আচরণের উন্নয়ন ঘটে এবং সৰমতা বাড়ে। এ প্রশিৰণের মাধ্যমে তাদের কায়িক শ্রমভিত্তিক কাজ শেখানো হয় যেমন : প্যাকেট করা, সিল মারা, বেকারির কাজ করা ইত্যাদি। সুতরাং বলা যায়, প্রশিৰণের মাধ্যমে মাহিনকে আত্মনির্ভর করা সম্ভব।

**প্রশ্ন –৪ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

প্রমিদের পাশের বাড়িতে সম্পাকে সকলে পাগল বলে। সম্পা ভালো করে কথা বলতে ও শুনতে পারে না এবং তার শরীরের বামপাশে অনেকটা দুর্বল। এজন্য সে একা চলাফেরা করতে পারে না।

ক. বিশেষ চাহিদাসম্পন্ন শিশু কারা? ১
খ. মৃদু বুদ্ধি প্রতিবন্ধিতা বলতে কী বোঝায়? ২
গ. সম্পার প্রতিবন্ধিতার ধরন সম্পর্কে লেখ। ৩
ঘ. সম্পার প্রতি তার পরিবারের দায়িত্বগুলো বিশেৱষণ কর। ৪

### ▶◀ ৪নং প্রশ্নের উত্তর ▶◀

ক. প্রতিবন্ধী শিশুরা বিশেষ চাহিদাসম্পন্ন শিশু।

খ. মৃদু বুদ্ধি প্রতিবন্ধী শিশুরা ৮ থেকে ১১ বছরের শিশুর মতো আচরণ করে। তাই প্রাপ্তবয়সে গেলেও ১১ বছরের স্বাভাবিক ছেলে মেয়েরা যেসব লেখাপড়া বা কাজ করার বুদ্ধি রাখে, ততটুকু পর্যন্ত প্রতিবন্ধী শিশুটি লেখাপড়া বা আচরণ করতে পারে।

গ. সম্পা ভালো করে কথা বলতে বা শুনতে পারে না, তার শরীরের বাম পাশটা অনেকটা দুর্বল। আমরা জানি একই সাথে একাধিক প্রতিবন্ধিকতা থাকলে তাদেরকে বহুবিধ প্রতিবন্ধী বলে। সম্পা একজন বহুবিধ প্রতিবন্ধী। যাদের শোনার সমস্যার ঘাটতি থাকে এবং কথা বলতে সমস্যা হয় তাদের শ্রবণ প্রতিবন্ধী বলে। শ্রবণ প্রতিবন্ধী ছাড়াও সম্পার শরীরের বাম পাশটা দুর্বল, সে একা চলাফেরা করতে পারে না। এ কারণে শারীরিক প্রতিবন্ধীর তালিকায় পড়ে। যাদের হাত কিংবা পা সম্পূর্ণ অবশ, দুর্বল থাকে, দেহের গঠন স্বাভাবিক নয় বা দেহের কোনো অংশ ব্যবহারে অৰমতা থাকে যার ফলে জীবন যাপনে অসুবিধা হয় তারাই শারীরিক প্রতিবন্ধী। সুতরাং দেখা যাচ্ছে সম্পার মধ্যে শ্রবণ ও শারীরিক প্রতিবন্ধকতা রয়েছে।

ঘ. সম্পা একজন বহুবিধ প্রতিবন্ধী। যেকোনো সুস্থ স্বাভাবিক শিশুর মতো সম্পারও উন্নত পারিবারিক পরিবেশ ও বিশেষ যত্নের প্রয়োজন। এজন্য সম্পার পরিবারের সদস্যদের করণীয় দায়িত্বগুলো হলো :

১. মা–বাবা, ভাইবোনের কাছে যদি সে ভালোবাসা পায়, তবে প্রতিবেশী, আত্মীয়–স্বজনেরাও তাকে সেভাবে ভালোবাসবে।
২. সম্পার জন্য বিশেষ শিৰার ব্যবস্থা করতে হবে। এ শিৰা তাকে জীবনযাপনের প্রয়োজনীয় কাজ কর্ম শিখতে সাহায্য করবে।
৩. সম্পার জন্য বিশেষ চিকিৎসার ব্যবস্থা করতে হবে। তাকে শ্রবণ সহায়ক যন্ত্র, ক্রাচ, হুইল চেয়ার বা লাঠি দিতে হবে।
৪. অনুষ্ঠানে পরিবারের সবার সাথে তাকে বেড়াতে নিতে হবে। এর ফলে সে সহজেই সবার সাথে খাপ খাওয়াতে শিখবে।
৫. সম্পার জন্য বয়স অনুযায়ী সুষম খাবারের ব্যবস্থা করতে হবে।

**প্রশ্ন –৫ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

নিশাত একজন বুদ্ধি প্রতিবন্ধী। সমবয়সীরা তাকে নিয়ে হাসি–ঠাট্টা করে। প্রকাশ্যে তাকে উত্ত্যক্ত করে। বিকেলে সবাই যখন খেলে তখন কেউ তাকে খেলায় নেয় না। তার সাথে মেশে না। আত্মীয়স্বজনরা বেড়ানোর প্রোগ্রামে তাকে তালিকা থেকে বাদ দেন। সে অসুস্থতায় ঠিকমতো চিকিৎসা সেবা পায় না। [সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

ক. মৃদু বুদ্ধি প্রতিবন্ধীরা কত বছর বয়সের শিশুর মতো আচরণ করে? ১
খ. শ্রবণ প্রতিবন্ধী বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উলিৱখিত নিশাত কোন অবস্থার শিকার? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিশাতের মতো শিশুদের প্রতি সমাজের ভূমিকা মূল্যায়ন কর। ৪

### ▶◀ ৫নং প্রশ্নের উত্তর ▶◀

ক. মৃদু বুদ্ধি প্রতিবন্ধীরা ৮ থেকে ১১ বছরের শিশুর মতো আচরণ করে।

খ. যাদের শোনার ৰমতার ঘাটতি, যার কারণে কথা শুনতে বা বলার ৰেত্রে সমস্যা হয় তারাই শ্রবণ প্রতিবন্ধী। যেহেতু তারা শব্দ বা কথা শুনতে পারে না, তাই তারা কথা বলতে শেখে না। অল্প মাত্রার সমস্যা হলে তারা জোরে কথা কিছুটা শুনতে পারে। গুরবতর শ্রবণ প্রতিবন্ধিতা থাকলে তারা কোনো শব্দই শুনতে পায় না। এৰেত্রে তারা ইশারায় নিজের চাহিদা প্রকাশ করে।

গ. উদ্দীপকে উলিরখিত নিশাত অবহেলার শিকার। আমাদের সমাজে প্রতিবন্ধী শিশুরা অবহেলিত। প্রতিবন্ধী শিশুরা কম বুঝতে পারে বলে অনেকেই তাদের বোঝা, পাগল ইত্যাদি বলে হাসি–ঠাট্টা করে। এদের সাথে কেউ খেলতে ও মিশতে চায় না। এছাড়াও এরা অসুস্থতার কথা ঠিকভাবে বোঝাতে পারে না বলে কিছু কিছু ৰেত্রে চিকিৎসায়ও অবহেলিত হয়। যেমনটা নিশাতের ৰেত্রে ঘটে। নিশাত বুদ্ধি প্রতিবন্ধী হওয়ায় সমবয়সীরা তাকে নিয়ে হাসি–ঠাট্টা করে। প্রকাশ্যে তাকে উত্ত্যক্ত করে। বিকেলে সবাই যখন খেলে তখন কেউ তাকে খেলায় নেয় না। তার সাথে মেশে না। আত্মীয়স্বজনরা বেড়ানোর প্রোগ্রামে তাকে তালিকা থেকে বাদ দেন। সে অসুস্থতায় ঠিকমতো চিকিৎসা সেবা পায় না। সুতরাং বলা যায়, বুদ্ধি প্রতিবন্ধী শিশু হিসেবে নিশাত অবহেলার শিকার।

ঘ. নিশাত একজন বুদ্ধি প্রতিবন্ধী। নিশাতের মতো শিশুদের প্রতি সমাজের ভূমিকা অত্যন্ত গুরবত্বপূর্ণ। বিভিন্নভাবে তাদের উদ্দীপনা প্রদানে সমাজ গুরবত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। যেমন : সমাজের মানুষ হিসেবে যে কোনো সামাজিক অনুষ্ঠানে এ ধরনের প্রতিবন্ধী শিশুকে সঙ্গ দেওয়া ও দেখাশোনার দায়িত্ব নেয়া যায়। প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী খেলাধুলার আয়োজন করা যায়। এৰেত্রে নিশাতের মতো বুদ্ধি প্রতিবন্ধীর সাথে গান, গল্প, ছবি আঁকায় অংশ নেয়া যায়। সমাজের সবার অফুরন্ত ভালোবাসা তাদের এগিয়ে নিতে সাহায্য করবে। তাদের জগতটাকে সহজ ও সুন্দর করে তুলবে। যে শিশুর বিকাশ বিলম্বিত সে শিশুর প্রতি বিশেষ যত্ন, মনোযোগ ও ভালোবাসা তাকে আরও বেশি সৰম ও স্বাভাবিক হয়ে উঠতে সাহায্য করবে। আমাদের সব কাজের মধ্যে বোঝাতে হবে যে আমরা সবাই প্রতিবন্ধী শিশুটির পাশেই আছি। সমাজের মানুষ হিসেবে আমাদের ধ্যান–ধারণার পরিবর্তন আনতে হবে। প্রতিবন্ধী শিশুরা আমাদের মতোই মানুষ এ কথা সবাইকে মনে রাখতে হবে। এৰেত্রে সমাজই ভূমিকা রাখতে পারে। সুতরাং বলা যায়, নিশাতের মতো শিশুদের প্রতি সমাজের ভূমিকা অপরিসীম।

**প্রশ্ন –৬ ▸** পাঁচ বছরের আয়শা বাক প্রতিবন্ধী। সে কথা বলার সময় তোতলায়। তার মা মিসেস রেহানা তাকে বিশেষ যত্ন করেন। বেশি বেশি কথা বলেন ও সময় দেন। অন্যদের সাথে মিশতে দেন। তিনি জানেন প্রশিৰণ দিলে ও মনোযোগী হলে শিশুর প্রতিবন্ধীতা হ্রাস করা যায়।

ক. আমাদের সমাজে কাদেরকে অনেক মানুষ পাগল মনে করে? ১
খ. বাক প্রতিবন্ধী বলতে কী বোঝ? ২
গ. মিসেস রেহানা কীভাবে আয়শার প্রতি বিশেষ যত্ন নেন– ব্যাখ্যা কর। ৩
ঘ. আয়শার প্রতিবন্ধীতা হ্রাসে তার মায়ের ভূমিকা– আলোচনা কর। ৪

**প্রশ্ন –৭ ▸** রহিমদের এলাকায় জাগরণ নামে একটি সংস্থা আছে। এটি এলাকার প্রতিবন্ধী শিশুদের বৃত্তিমূলক শিৰা, খেলাধুলা ও আর্থিক সহযোগিতাসহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডে সহায়তা করে। প্রতিবন্ধীদের প্রতি ইতিবাচক মনোভাব গড়ে তোলার জন্যে সেমিনার, মিটিং, সমাবেশের ব্যবস্থা করে তাদের অধিকার প্রতিষ্ঠায় সহায়তা করে। আত্মনির্ভর করে গড়ে তুলতে তাদের প্রশিৰণও দেয় এই সংস্থাটি।

ক. প্রতিবন্ধীরা সমাজে কীরূ প অবস্থায় থাকে? ১
খ. গুরবতর বুদ্ধি প্রতিবন্ধীতা বলতে কী বোঝায়? ২
গ. জাগরণ নামক সংস্থাটি কীভাবে প্রতিবন্ধীদের আত্মনির্ভরশীল করে তুলছে বর্ণনা কর। ৩
ঘ. প্রতিবন্ধীদের প্রতি ইতিবাচক মনোভাব তৈরিতে জাগরণের ভূমিকা বিশেরষণ কর। ৪

## ◘ জ্ঞানমূলক ------------------------------------ //

**প্রশ্ন ॥ ১ ॥ বুদ্ধি প্রতিবন্ধী কারা?**

**উত্তর :** যাদের বয়স অনুযায়ী স্বাভাবিকের চেয়ে বুদ্ধির মাত্রা কম থাকে, যার ফলে শিশু সমবয়সী শিশুদের চেয়ে কমবয়সী শিশুর মতো আচরণ করে তারাই বুদ্ধি প্রতিবন্ধী।

**প্রশ্ন ॥ ২ ॥ বুদ্ধি প্রতিবন্ধিতা কী?**

**উত্তর :** বুদ্ধি প্রতিবন্ধিতা এক ধরনের মানসিক অবস্থা বা অৰমতা।

**প্রশ্ন ॥ ৩ ॥ প্রতিটি শিশুর দেহ ও মন সুন্দরভাবে বেড়ে ওঠার জন্য কী দরকার?**

**উত্তর :** প্রতিটি শিশুর দেহ ও মন সুন্দরভাবে বেড়ে ওঠার জন্য প্রারম্ভিক উদ্দীপনা দরকার।

**প্রশ্ন ॥ ৪ ॥ প্রারম্ভিক উদ্দীপনা শিশুর কোন বয়স থেকে প্রয়োজন?**

**উত্তর :** প্রারম্ভিক উদ্দীপনা শিশুর অতি শৈশবকাল থেকে প্রয়োজন।

**প্রশ্ন ॥ ৫ ॥ দৃষ্টিপ্রতিবন্ধীদের বিশেষ শিক্ষা দেওয়া হয় কোন পদ্ধতিতে?**

**উত্তর :** দৃষ্টিপ্রতিবন্ধীদের বিশেষ শিৰা দেওয়া হয় ব্রেইল পদ্ধতিতে।

## ◘ অনুধাবনমূলক ---------------------------------- //

**প্রশ্ন ॥ ১ ॥ প্রতিবন্ধী শিশু কাকে বলে?**

**উত্তর :** আমাদের চারপাশে এমন কিছু শিশু দেখা যায়, যারা স্বাভাবিক শিশুদের মতো নয়। তাদের দেহের গঠন আলাদা, তাদের আচরণ স্বাভাবিকের তুলনায় ধীর বা সমস্যাগ্রস্ত। এদের মধ্যে কেউ চোখে ভালো দেখতে পায় না, কারও হাঁটা–চলার অসুবিধা, কেউবা বয়সে বড় হলেও শিশুদের মতো আচরণ করে। এসব শিশু কোনো না কোনো প্রতিবন্ধকতার শিকার। এরা সবাই প্রতিবন্ধী।

**প্রশ্ন ॥ ২ ॥ প্রারম্ভিক উদ্দীপনা বলতে কী বোঝায়?**

**উত্তর :** প্রারম্ভিক উদ্দীপনা বলতে বোঝায়–একটি শিশুকে তার চার পাশের বিভিন্ন জিনিস সম্পর্কে জানা ও দেখার সুযোগ করে দেওয়া, সেগুলো নিয়ে খেলার পরিবেশ সৃষ্টি করা। যেমন–শিশুকে সময় দেওয়া, শিশুর সাথে কথা বলা, খেলাধুলা করা, ইত্যাদি। অতি শৈশব থেকে এই উদ্দীপনার সুযোগ সৃষ্টি করাই হলো প্রারম্ভিক উদ্দীপনা।

**প্রশ্ন ॥ ৩ ॥ প্রতিবন্ধী শিশুর প্রতি সমাজের দায়িত্ব ব্যাখ্যা কর।**

**উত্তর :** প্রতিবন্ধী শিশুর প্রতি আমাদের সকলের দায়িত্ব রয়েছে, আত্মীয় ও প্রতিবেশী হিসেবে, বন্ধু ও সহপাঠী হিসেবে, শিৰক ও চিকিৎসক হিসেবে। প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী আমাদের অবশ্যই তাকে বিশেষ শিৰা দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। যেমন–দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য ব্রেইল পদ্ধতি, শ্রবণ ও বাকপ্রতিবন্ধীর জন্য ইশারায় ভাষা শিৰা, বুদ্ধি প্রতিবন্ধীদের নিজের কাজ নিজে করতে পারার প্রশিৰণ ইত্যাদি।